

বিশ্ব শিক্ষক দিবস উদযাপিত

যুগান্তর রিপোর্ট

সোমবার বিশ্ব শিক্ষক দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে বিভিন্ন শিক্ষক সংগঠন নানা কর্মসূচি পালন করে। রাজধানীতে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। এতে যুক্ত হয় ঢোল-তবলার বাদন আর রঙ-বেরঙের ফেস্টুন। একাধিক আলোচনা সভাও অনুষ্ঠিত হয়। এসব সভা থেকে শিক্ষকদের আর্থিক ও সামাজিক মর্যাদা প্রতিষ্ঠায় সরকারের প্রতি আহ্বান জানানো হয়। এবারের শিক্ষক দিবসটি যখন উদযাপিত হচ্ছে তখন দেশের বেশির ভাগ শিক্ষক বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে রাজপথে আছেন। প্রাথমিক শিক্ষকরা কর্মবিরতিসহ বিভিন্ন কর্মসূচি পালন করছেন। সরকারি মাধ্যমিক ও কলেজ শিক্ষকরাও আছেন আন্দোলনে। বিশ্ববিদ্যালয় আন্দোলন করছে ৪ মাসের বেশিদিন ধরে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে একটি অনুষ্ঠানে আলোচনাকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, বিশ্ববিদ্যালয়সহ সব প্রতিষ্ঠানের সমস্যা সমাধানে ও শিক্ষকদের ন্যায্য প্রত্যাশা পূরণে সরকার কাজ করে যাচ্ছে।

জাতীয় উদযাপন কমিটি সকাল ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনারে সমাবেশ করে। সমাবেশ শেষে বের করা হয় বর্ণাঢ্য শোভাযাত্রা। পরে ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসপি মিলনায়তনে আলোচনা এবং কর্মরত, অবসরপ্রাপ্ত ও প্রয়াত শিক্ষকের সম্মাননা জ্ঞাপন কর্মসূচি হয়। বিশ্ব শিক্ষক দিবস জাতীয় উদযাপন কমিটির সমন্বয়ক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও মোবাল ক্যাম্পেইন ফর এডুকেশনের সহনভাপতি রাশেদা কে. চৌধুরী, ইউনেস্কো ঢাকা অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা, কিচি ওয়াসু এতে বক্তব্য রাখেন।

এছাড়া প্রাথমিক শিক্ষক অধিকার সুরক্ষা ফোরাম, স্বতন্ত্র ইবতেদায়ী মাত্রা শিক্ষক, প্রকৃ পরিষদ, শিক্ষক সমিতি (বাংগাল-ছালাম), শিক্ষক সমিতি (জুলফিকার), শিক্ষক সমিতি (নজরুল) ও শিক্ষক-কর্মচারী সংগ্রামী ঐক্য জোট যৌথভাবে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে।